গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি মেডিকেল কলেজ,রাঙ্গামাটি।
www.rangamatimc.gov.bd

স্মারক নং- ৫৯.০০.০০০০.০৩৪.১১.০০১.২৪.৩০৫ তারিখঃ ১৯/০৫/২০২৪ খ্রিঃ

**"নিয়োগ বিজ্ঞপ্তি"**

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৯.০০.০০০০.১০৯.১১.০২১.২৩-৩০৫ তারিখঃ ০৬-০৪-২০২৩ ইং মোতাবেক রাঙ্গামাটি মেডিকেল কলেজ কার্যালয়, রাঙ্গামাটি এর রাজস্ব খাতের (১১-২০ গ্রেড) নিম্নলিখিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইনে (Online) http://rmmc.teletalk.com.bd আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | সরাসরি নিয়োগের যোগ্যতাঃ |
|---|---|---|---|---|
| ১ | মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও) | ০১ (এক) টি | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ্ টেকনোলজী (আই.এইচ.টি) হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সসম্পন্ন। |
| ২ | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) | ০৫ (পাঁচ) টি | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | সরকার স্বীকৃত বোর্ড হতে এসএসসি/সমমান পাশসহ সরকার স্বীকৃত ইনস্টিটিউট অব হেলথ্ টেকনোলজী (আই.এইচ.টি) হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনপক্ষে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সসম্পন্ন। |
| ৩ | হেলথ এডুকেটর | ০১ (এক) টি | গ্রেড-১১ (১২৫০০-৩০২৩০/-) | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বা জীব বিজ্ঞান অনুষদভূক্ত যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি/সমমানের সিজিপিএ অথবা কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে স্বাস্থ্য শিক্ষায় এমপিএইচ ডিগ্রি। |
| ৪ | সাঁটলিপিকার-কাম- কম্পিউটার অপারেটর | ০১ (এক) টি | গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/-) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী / সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সাঁটলিপি প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। |
| ৫ | সহকারী লাইব্রেরীয়ান | ০১ (এক) টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা। |
| ৬ | পরিসংখ্যান বিদ | ০১ (এক) টি | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান, গনিত বা অর্থনীতি বিষয়ে ন্যূনপক্ষে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজ পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত ও দক্ষতা। |
| ৭ | ষ্টোর কিপার | ০১ (এক) টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | সরকার স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সাটিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮ | অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২ (দুই) টি | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী / সমমানের সিজিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ |
| ৯ | অফিস সহায়ক | ০৩ (তিন) টি | গ্রেড- ২০ (৮২৫০-২০০১০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |

আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ

১। আগ্রহী প্রার্থীগণ http://rmmc.teletalk.com.bd **ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক** Online এ আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না।

২। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে।

৩। আবেদনকারীর বয়স ০১/০৫/২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর হতে হবে। বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

৪। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) এর মূল কপি বাধ্যতামূলক ভাবে জমা দিতে হবে।

৫। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) উল্লেখ সহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৭। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৮। প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯। **আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপঃ**

**(ক)** Online- এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৭/০৫/২০২৪ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা হতে।

(খ) Online এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ২৬/০৬/২০২৪ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit করার সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS **এর মাধ্যমে** পরীক্ষার ফী জমা দিতে পারবেন।

১০। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ 60 KB এর মধ্যে হতে হবে।

১১। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১২। প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৩। **<u>SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদানঃ-</u>**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ (Application Preview) দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant’s Copy পাবেন। উক্ত Applicant’s Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant’s Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২ (দুইটি) এসএমএস করে পরীক্ষার– ফি বাবদ ক্রমিক নং ০১ হতে ০৩ পর্যন্ত পদের জন্য (৩০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ৩৫/- টাকা সহ) মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা অফেরতযোগ্য ও ক্রমিক নং- ০৪ হতে ০৮ পর্যন্ত পদের জন্য (২০০/- টাকা ও
টেলিটক এর সার্ভিস চার্জ ২৩/- টাকা সহ) মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা অফেরতযোগ্য এবং ক্রমিক নং ০৯ পদের জন্য (১০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ ১২/- টাকা সহ মোট ১১২/-(একশত বারো) টাকা অফেরতযোগ্য অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না ।

**<u>১ম এসএমএস :</u>**

rmmc <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: rmmc ABCDEF

Reply sms : Applicant’s name… Tk.335/223/112……will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX. To pay fee type rmmc <space> Yes <space> PIN and send to 16222

**<u>২য় এসএমএস :</u>**

rmmc <space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: rmmc YES XXXXXXXXXXX

Reply sms : Congratulations Applicant’s Name, Payment completed successfully for rmmc for Applicaton for xxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

১৪। **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://rmmc.teletalk.com.bd www.rangamatimc.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১৫। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৬। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে : rmmc <space> Help <space> User <space> User ID and send to 16222.

(খ) PIN Number জানা থাকলে : rmmc <space> Help <space> PIN <space> PIN No and send to 16222

Example : rmmc Help PIN 12345678.

১৭। Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsbd Teletalk প্রবেশ করিয়া মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাইবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: rmmc, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করিতে হইবে)।

১৮। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটি এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েবসাইটে (www.rangamatimc.gov.bd) জানা যাবে।

১৯। প্রাথমিকভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রাথীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং **এক সেট সত্যায়িত অনুলিপি** জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২০। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজীয় কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূলদসনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্ব সনদ।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র।

(ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক।

(চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিটিকর্পোরেশন/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(জ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা প্রার্থীদের ক্ষেত্রে সরকারি বিধি বিধান অনুসরণপূর্বক জেলা কমান্ডেন্ট/জেলা আনসার এ্যাডজুটেন্ট কর্তৃক প্রদত্ত ২১ (একুশ) দিনের মৌলিক প্রশিক্ষণের সনদপত্র।

(ঞ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটারে দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

(ট) ডাউনলোডকৃত Applicant's এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

২১। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবে না।

২২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

অনলাইনে আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উথাপন করা যাবে না।

২৩। লিখিত,মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য রাঙ্গামাটি মেডিকেল কলেজ, কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে ( www.rangamatimc.gov.bd ) পাওয়া যাবে। এছাড়া QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/en/ ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৪। ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা যাবে।

(অধ্যাপক ডাঃ প্রীতি প্রসূন বড়ুয়া)
সভাপতি
৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারী নিয়োগ ও যাচাই বাছাই কমিটি
রাঙ্গামাটি মেডিকেল কলেজ।